তারিখ 26 JUL 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

দৈনিক
ইত্তেফাক

# প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় ৬২ স্কুলে পরীক্ষা বন্ধ

■ ডুমুরিয়া (খুলনা) সংবাদদাতা

প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়ায় সোমবার উপজেলার ৬২টি মাধ্যমিক বিদ্যালয়ের অর্ধবার্ষিকী পরীক্ষা বন্ধ হয়ে গেছে। সোমবার সকালে শিক্ষার্থীরা স্ব-স্ব বিদ্যালয়ে পরীক্ষা দিতে এসে বন্ধের ঘোষণা জানতে পারে। এতে শিক্ষার্থীদের মাঝে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নারায়ণ চন্দ্র মন্ডল (চলতি দায়িত্ব) জানান, গত ১১ জুলাই থেকে উপজেলার ৬৩টি মাধ্যমিক বিদ্যালয়ে একসঙ্গে শিক্ষক সমিতির তৈরি প্রশ্নে অর্ধব্যার্ষিক পরীক্ষা শুরু হয়। কিন্তু পরীক্ষার তারিখ পরিবর্তনের ঘোষণা সঠিকভাবে মান্য না করায় প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ঘটে।

সূত্র জানান; গত রমজানের পূর্বে স্কুল চলাকালীন সমিতি কর্তৃক অর্ধবার্ষিকী পরীক্ষা গ্রহণের রুটিন ঘোষণা করা হয়। কিন্তু হঠাৎ করে সমিতি পরীক্ষা চলাকালীন গত ১০ জুলাই আরেকটি রুটিন ঘোষণা করেছেন। তাতে পূর্বের রুটিনের ১৯ জুলাইয়ের পরীক্ষা ২৫ জুলাই নেওয়ার কথা রয়েছে বলে সমিতি থেকে জানানো হয়। কিন্তু উপজেলার একটি মাধ্যমিক বিদ্যালয় পূর্বে রুটিন অনুযায়ী পরীক্ষা গ্রহণ করায় প্রশ্নপ্রত্র ফাঁস হয়ে যায়। এ খবর জানতে পেরে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস এক প্রজ্ঞাপনের মাধ্যমে সোমবারের অনুষ্ঠিত পরীক্ষাটি বন্ধ করে দেন। ফলে হঠাৎ করে উপজেলার ৬২টি বিদ্যালয়ের পরীক্ষা বন্ধ হওয়ায় শিক্ষার্থীদের মাঝে প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। এদিকে মাধ্যমিক শিক্ষা অফিস সূত্র জানান, বন্ধ পরীক্ষাটি আগামী ২৮ জুলাই স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানে তৈরি করা প্রশ্নে গ্রহণ করা হবে।